গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫
aic.dls.gov.bd

**স্মারক নং** ৩৩.০১.০০০০.৬০০.০৬.০০১.২১-**১১৭৩**

**তারিখ:** ২৯-০৬-১৪৩১ বঙ্গাব্দ / ১৪-১০-২০২৪ খ্রিষ্টাব্দ

বরাবর

মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

**বিষয়ঃ NTRC এর ১১তম সভার কার্য বিবরনী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত NTRC-এর ১১তম সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরর্বতী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** NTRC এর ১১তম সভার কার্য বিবরনী (১২ পাতা) = ০১ কপি।

১৪/১০/২৪

**ডাঃ আনন্দ কুমার অধিকারী**
পরিচালক
কৃত্রিম প্রজনন দপ্তর
ও
সদস্য সচিব
ন্যাশনাল টেকনিকাল রেগুলেটরি কমিটি (এনটিআরসি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃত্রিম প্রজনন দপ্তর
aic.dls.gov.bd

# ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি) ১১তম সভার কার্যবিবরনী

সভাপতি :এটিএম মোস্তফা কামাল,
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সভার তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।
সময় : বিকাল ১৪:০০ ঘটিকা
সভাস্থল : সভাকক্ষ, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর- এর কক্ষ।
উপস্থিতি : সভায় অংশগ্রহনকারী সদস্যগণের তালিকা **পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য**।

সভাপতি সভার শুরুতে উপস্থিত অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানান। তিনি বলেন, এনটিআরসির একজন সম্মানিত সদস্য প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ পেয়েছেন। এ জন্য তাঁকে সভার পক্ষ থেকে অভিনন্দন জানান। তিনি আজ এই সভায় উপস্থিত আছেন বিধায় তাঁকে ধন্যবাদ জানান। সভাপতি কমিটির সদস্য সচিব, ডাঃ আনন্দ কুমার অধিকারী, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরকে সভার আলোচ্যসুচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

২। কমিটির সদস্য সচিব ডাঃ আনন্দ কুমার অধিকারী জানান, আলোচ্য সুচী অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন তৈরী করা হয়েছে। তিনি জনাব শানে খোদা, সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার, ঢাকা কে পাওয়ার পয়েন্টের মাধ্যমে আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ করেন।

জনাব শানে খোদা আলোচ্য সুচী অনুযায়ী বিভিন্ন বিষয়ে উপস্থাপন করেন। বিষয়গুলো হলো- ক) ২৮-০৩-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ। খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা। গ) বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত আলোচনা। ঘ) বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ পর্যালোচনা । ঙ) বুল ষ্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের সুপারিশ সংক্রান্ত। চ) বিবিধ।

উপস্থাপনার ভিত্তিতে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহন করেন। এরপর বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ, বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়ন, বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয় **(গৃহিত সিদ্ধান্ত সমূহ অনুচ্ছেদ -৩ উল্লেখ করা আছে।)**

ডাঃ আনন্দ কুমার অধিকারী, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এখন থেকে প্রতিটি কোম্পানীর প্রত্যায়িত ষাঁড়ের ন্যাশনাল আইডি ব্যবহার করার বিষয়ে মতামত প্রদান করেন। ন্যাশনাল আইডি ব্যবহারের ক্ষেত্রে টেবিল-১ এর পদ্ধতি অনুসরন করা হবে মর্মে প্রস্তাব করা হয়।

টেবিল-০১

| Bull Station Code | | Breed | Code | Bull ID (4/5 Digit) |
|---|---|---|---|---|
| 1 | | 2 | 3 | 4 |
| DLS | Department of Livestock Services | Holstein Friesian | HF | 00000 |
| 01 | American Dairy Limited | Holstein Friesian Cross | HFX | 00000 |
| 02 | LAAL TEER Livestock BD Limited | Sahiwal | SL | 00000 |
| 03 | BRAC AI Enterprise, Mymensingh | Sahiwal Cross | SLX | 00000 |
| 04 | ACI Animal Genetics | Red Chittagong Cattle | RCC | 00000 |
| 05 | Somaj o Jatigothon (Sojag) | Munshigonj | MJ | 00000 |
| 06 | Ejab Allaiance Limited | North Bengal Gray | NBG | 00000 |
| 07 | BRAC AI Enterprise Bogra | Hill Black Netrokona | HBN | 00000 |
| 08 | Rural Development Academy Bogra | Pabna Cattle | PC | 00000 |
| 09 | Thakurgaon Dairy Limited (TDL) | Murrah Buffalo | MB | 00000 |
| 10 | Milk Vita | Murrah Buffalo Cross | MBX | 00000 |
| 11 | Eon Bioscience Limited | Nilli Ravi Buffalo | NRB | 00000 |
| | | Nilli Ravi Buffalo Cross | NRX | 00000 |
| | | Black Bengal Goat | BB | 00000 |
| | | Sheep | SH | 00000 |

উপরের টেবিল থেকে যে কোন প্রত্যায়িত প্রজনন ষাঁড়ের আলফানিউমারিক (Alphanumeric) ন্যাশনাল আইডি তৈরীর ক্ষেত্রে প্রথম দুই ডিজিট হবে প্রাতিষ্ঠানিক কোড (০০), পরের আলফাবেটিক ২ বা ৩ (দুই/তিন) ডিজিট হবে ষাঁড়ের জাত (XXX) এবং শেষের ৪ বা ৫ ডিজিট হবে প্রতিষ্ঠান /ডিএলএস থেকে প্রদত্ত ষাঁড়ের আইডি (00000)। যেমন লাল তীর বুল ষ্টেশনের ২২৫ নম্বর হলষ্টিয়ান ফ্রিজিয়ান ক্রস ষাঁড়ের ন্যাশনাল আইডি হবে- 02 HFX 0225.

এই প্রস্তাব সমর্থন করে বক্তব্য রাখেন জনাব একেএম আরিফুল ইসলাম, পরিচালক, আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল), প্রফেসর ড. লাম ইয়া আসাদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ড. মোঃ এমদাদুল হক, লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড, ডাঃ অরবিন্দ কুমার সাহা, কনসালটেন্ট এসিআই এনিমেল জেনেটিক্স, ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (বিএলআরআই), প্রফেসর ড. মোঃ মোশারফ হোসেন ভুইয়া, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও প্রফেসর ড. এ কে ফজলুল হক ভুঁইয়া, এনিমেল ব্রিডিং এন্ড জেনেটিক্স বিভাগ ও উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।

বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সদস্য সচিব ডাঃ মোঃ মউদুদুর রহমান খান জানান, বিগত ১৮-০৯-২০২৪ তারিখে উপকমিটির সভায় ১৭টি প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের আমদানির আবেদন পর্যালোচনা করে সুপারিশ তৈরী করা হয়েছে।

তার মধ্যে এডভান্স কেমিকেল ইন্ড্রাষ্ট্রিজ লিমিটেড (এসিআই) ভারত/পাকিস্তান হতে বিশুদ্ধ শাহিওয়াল জাতের ২০টি প্রজনন ষাঁড় ও যুক্তরাষ্ট্র থেকে ৩০০০ মাত্রা ফিমেল সেক্সড সিমেন আমদানির আবেদন করেছেন। তিনি জানান- এসিআই লিমিটেড ব্রিডিং বুল ষ্টেশন পরিচালনাকারী সরকার অনুমোদন প্রাপ্ত একটি বেসরকারী প্রতিষ্ঠান (রেজিষ্ট্রেশন নং ৪, তারিখ ১০-০৭-২০১৯ খ্রিষ্টাব্দ)। তারা প্রজনন কাজে ব্রিডিং বুল আমদানি করে থাকে। দেশে ভালো মানে শাহিওয়াল গরু তৈরীর ক্ষেত্রে এই বুল থেকে প্রাপ্ত সিমেন যথেষ্ট অবদান রাখতে পারবে। সেক্ষেত্রে আবেদিত ২০টি বিশুদ্ধ জাতের শাহিওয়াল ষাঁড় Pedigree প্রদান স্বাপেক্ষে আমদানির অনুমতি দেওয়া যেতে পারে।

সভায় উপস্থিত সদস্যগণ জানান, ভারত বা পাকিস্তানে এলিট শ্রেণীর (এ-গ্রেড) শাহিওয়াল গাভী/ষাঁড় ব্যতিত ষাঁড় কোন আগ্রহী দেশ আমদানি করতে চাইলে ভারত বা পাকিস্তান থেকে আমদানি করা সম্ভব। আর এসিআই লিমিটেড যেহেতু সরকার অনুমোদনপ্রাপ্ত ব্রিডিং বুল ষ্টেশন পরিচালনাকারী বেসরকারী প্রতিষ্ঠান, তাই তাদেরকে অনুমতি দেওয়া যেতে পারে। এছাড়াও এসিআই-কে আমেরিকা থেকে ৩০০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) সেক্সড সিমেন আমদানির বিষয়ে বিশদ আলোচনা করা হয়। বুল ষ্টেশন পরিচালনার শর্ত হিসেবে তাদেরকে একটি উন্নত মানে মাদার হার্ড তৈরী করার কথা ছিল, যেখান থেকে হাইমেরিট বুল তৈরী হবে। কিন্তু এসিআই আজ পর্যন্ত একটি পুর্নাঙ্গ মাদার হার্ড চালু করেনি।

ডাঃ অরবিন্দ কুমার সাহা, কনসালটেন্ট এসিআই এনিমেল জেনেটিক্স আলোচনায় অংশগ্রহন করে বলেন, এসিআই ইতোমধ্যে বুল মাদার হার্ড তৈরীর কাজ শুরু করেছে এবং আগামী ৬ মাসের মধ্যে তাদের বুল মাদারহার্ড চালু হবে। তাই সেখানে ফিমেল সেক্সড সিমেন ব্যবহারের সুযোগ আছে। তিনি তার মোবাইলে বুল মাদারহার্ড তৈরীর স্থিরচিত্র প্রদর্শন করেন। এছাড়া মাঠ পর্যায়ের খামারীদের নিকট তথা পপুলেশন থেকে বুল তৈরীর উদ্দেশ্যে প্রথমে চুক্তিবদ্ধ খামারীর গাভীতে হাইমেরিট ফিমেল সেক্সড সিমেন ব্যবহার করে হবে। উক্ত সিমেন থেকে অধিক দুধ উৎপাদনক্ষম বকনা জন্ম হলে তার পেট থেকে ষাঁড় বাছুর তৈরীর উদ্যোগ গ্রহন করা হবে। ফলে পপুলেশন থেকে হাই মেরিট বুল পাওয়ার সম্ভাবনা তৈরী হবে। কাজেই যৌক্তিকভাবেই এসিআই ফিমেল সেক্সড সিমেন আমদানির অনুমতির প্রত্যাশা করেন। প্রফেসর ড. এ কে ফজলুল হক ভুঁইয়া, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় তার যৌক্তিকতার পক্ষে মতামত প্রদান করেন।

এরপর গরীব নেওয়াজ এগ্রো ফার্ম- প্রোঃ হাফিজুর রহমান হাফিজ, গ্রাম - জয়নগর, পোঃ রাজনগর, উপজেলা-দাকোপ, জেলা - খুলনা, ভারত থেকে ৩০০টি মুররাহ জাতের পুরুষ মহিষ আমদানির আবেদন আলোচনা করা হয়।

ডাঃ আনন্দ কুমার অধিকারী, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর জানান, আসলে মুররাহ জাতের মহিষ বাংলাদেশের জন্য উপযোগী। সরকার ইতোমধ্যে বেশ কিছু মুররাহ মহিষ আমদানি করে বাগেরহাট খামারে পালন করছে। তিনি জানান জাতীয় গবাদিপশু উন্নয়ন নীতিমালায় শুধুমাত্র পুরুষ মুররাহ জাতের মহিষ আমদানির অনুমতি প্রদানের সুযোগ নেই। প্রফেসর ড. মোঃ মোশারফ হোসেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় তাঁর প্রস্তাব সমর্থন করেন।

এস.এস.এ ইন্টারন্যাশনাল, প্লট-২৩, রোড-০৮, ব্লক-জে, ইষ্টার্ন হাউজিং, মিরপুর ঢাকা এবং এংগিরা ইলেক্ট্রনিক্স, হাউজ-২১৩, রোড-১২, ব্লক-বি, সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২১৬ কর্তৃক প্রত্যেকে দুবাই হতে ৫০টি পিওর যমুনাপারী (ছাগল) আমদানির বিষয়ে আবেদন নিয়ে আলোচনা হয়। ড. মোঃ গোলাম আজম জানান, National Livestock Development Policy 2007 এর অনুচ্ছেধ ৩ (১) এর অনুযায়ী, বাংলাদেশে ব্লাক বেঙ্গল ছাগল ব্যতিত অন্য কোন ছাগল আমদানির সুযোগ নেই। উক্ত অনুচ্ছেদে বলা হয়েছে- Goat for more meat - (i) Use high merit purebred Black Bengal buck or semen all over the country (ii) Ensure steady production of consistently superior pure Black Bengal buck or semen by government or other stakeholders. এছাড়াও আমদানি প্রত্যাশী প্রতিষ্ঠান দুবাই থেকে পিউর যমুনাপাড়ি ছাগল আমদানি করতে ইচ্ছুক। কিন্তু যমুনাপাড়ি ছাগলের উৎস দেশ হচ্ছে ভারত। তাই, উৎস দেশে নয় বিধায়, দুবাই থেকে পিউর যমুনাপাড়ি ছাগল আমদানির অনুমোদন দেওয়ার সুযোগ নেই।

এছাড়াও নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, সীতাকুন্ড, চট্টগ্রাম- এর ২৪০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) ফ্রোজেন বুল সিমেন, আমানা ক্যাটল ফার্মের ১১৫০ মাত্রা সিমেন, রংপুর পোল্ট্রি লিমিটেড এর ২০০০ মাত্রা সিমেন, মিল্ক ভিটা ও ব্রাক এ আই এন্টারপ্রাইজের আমেরিকান হতে ৬টি করে হলষ্টিটিন ফ্রিজিয়ান প্রজনন ষাঁড়, দুবাই হতে যমুনাপারি ছাগলসহ পেট এনিমেল আমদানির আবেদনগুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভার শেষ অংশে ডাঃ আনন্দ কুমার অধিকারী, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর সকল বেসরকারী প্রতিষ্ঠানকে টেবিল-২ এ প্রদর্শিত জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ মেনে চলার অনুরোধ জানান। তিনি বলেন, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে বেশ কিছু শর্ত প্রতিপালনের অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। যেমন- বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর ৩.২.১ অনুচ্ছেদ অনুযায়ী ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) তাঁদের ১০০ জন এ.আই টেকনিশিয়ান কে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে ৪ মাসের বেসিক কৃত্রিম প্রজনন বিষয়ক প্রশিক্ষণ শুরু করেছে। এছাড়াও একই নীতিমালা-২০১৬ এর ৩.২.২ অনুচ্ছেদ অনুযায়ী আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) তাঁদের ১৪৫ জন (প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ইতোপুর্বে প্রদেয় আইডিধারী) এ.আই টেকনিশিয়ানদের জন্য আগামী ১ অক্টোবর থেকে রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স শুরু হচ্ছে। এসিআই এনিমেল জেনেটিক্স তাদের এ.আই টেকনিশিয়ানদের জন্য রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স করানো আবেদন জমা দিয়েছেন। তিনি পর্যায়ক্রমে সকল বেসরকারী প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্ত্বাবধানে নীতিমালা অনুযায়ী কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার আহ্বান জানান।

এছাড়া বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে কমিটি কর্তৃক যে সকল বিষয়ে অধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে জানানো হয়েছে, তিনি সভায় উপস্থাপন করেন; যেমন-

১. সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত থাকতে হবে।
২. বাতিলকৃত প্রজনন ষাঁড় অবিলম্বে বুল স্টেশন থেকে অপসারণ পূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।
৩. সিমেন সরবরাহের রোডম্যাপ কৃত্রিম প্রজনন দপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।
৪. সিমেন স্ট্রতে নিম্নলিখিত তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে- প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন।
৫. সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে নিম্নরূপ-১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross. কোনভাবেই বুলের পারসেন্ট স্ট্রতে প্রিন্ট করা যাবে না।
৬. অনুমোদনের ০৩(তিন) বৎসর পর বুলের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিকভাবে উপস্থাপন করতে হবে এবং ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে।
৭. শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।
৮. হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১০ (দশ) বছর।
৯. পরবর্তী প্রতয়নপত্র প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।
১০. হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।
১১. দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে।
১২. প্রজনন ষাঁড় প্রত্যয়নের পর সিমেন সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ করতে হবে। কোন অবস্থায় এর ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৩. ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১৪. ট্রায়াল শুরুর পূর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছকে তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৫. প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অপ্রত্যায়িত অথবা ট্রায়াল বুল হতে সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাত করে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।
১৬. প্রত্যেক প্রতিষ্ঠানকে প্রত্যেকটি বুলের বিশেষত হলিস্টিন ফ্রিজিয়ান ও তাদের শংকর জাতের A1/A2 Beta Casein জিন নির্ণয় করার জন্য ব্যবস্থা গ্রহন করতে হবে।

**টেবিল-০২:** জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা**- ২০১৯

| নির্দেশনা | বকনা/গাভী | খামারী অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেশী | দরিদ্র/মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল খামার মালিক | ১০০% হলষ্টিয়ান-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত ও স্বচ্ছল খামার মালিক | ১০০% শাহিওয়াল, ৫০% শাহিওয়াল x ৫০% দেশী |
| ৪ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |
| ৫ | ৫০%+ ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |

** সকল ক্ষেত্রে যে কোন বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্ছনীয়।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নে লিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩.১ | ২৮-০৩-২০২৪ তারিখের কার্যবিবরণী অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর<br>ও<br>পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর ও বেসরকারী সংস্থা |
| ৩.২ | প্রতিটি প্রতিষ্ঠানকে প্রত্যায়িত ষাঁড় থেকে সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত রাখতে হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>উপপরিচালক, কৃত্রিম প্রজনন ল্যাবরেটরী, সাভার/রাজশাহী ও বেসরকারী সংস্থা |
| ৩.৩ | <u>বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশঃ</u><br>৩.৩.১ **আমেরিকান ডেইরী লিমিটেড** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২১-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.২ লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২১-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.৩ ব্রাক, এ.আই এন্টারপ্রাইজ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৬-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.৪ এসিআই এনিমেল জেনেটিক্স, শ্রীপুর, গাজীপুর-** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৬-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.৫ সমাজ ও জাতি গঠন (সজাগ)-শৈলান, ধামরাই, ঢাকা**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২০-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.৬ ইজাব এলায়েন্স লিমিটেড, সিংগিয়া, জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২২-০৫-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>**৩.৩.৭ ব্রাক, এ.আই এন্টারপ্রাইজ, শেরপুর, বগুড়া-** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | (পরিদর্শনের তারিখঃ ০৬-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৩.৩.৮ **পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), শেরপুর, বগুড়া-** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৭-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৩.৩.৯ **ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও-** এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ২২-০৫-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৩.৩.১০ **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিমিটেড (মিল্ক ভিটা), শাহজাদপুর, সিরাজগঞ্জ**-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ০৭-০৯-২০২৪ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক না হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়নের **সুপারিশ করা হয়নি।** | |
| ৩.৪ | <u>**বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়নঃ**</u><br>**৩.৪.১** আমেরিকান ডেইরী লিমিটেড এর ব্রিডিং বুল আইডি (50601, 50602, 50603, 50604, 50605, 50606, 50607, 40101, 40102, 40103, 40104, 40105, 40106, 40107, 40108, 40109, 40110, 40111, 40112, 40113, 40114, 40115, 40116, 40117, 40118, 40119, 40120, 40121, 40122, 40123, 40124, 10101, 10102, 10103) ৩৪টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক বুল **আইডি**-(50605, 50607, 40102, 40107, 40112, 40115, 40116, 40117, 40118, 40119, 40120, 40121, 40122, 40123, 10101) ব্যতিত বাকী ১৯ (উনিশ) টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ১৯টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 01HFX50601, 01HFX50602, 01HFX50603, 01HFX50604, 01HFX50606, 01SL40101, 01SL40103, 01SL40104, 01SL40105, 01SL40106, 01SL40108, 01SL40109, 01SL40110, 01SL40111, 01SL40113, 01SL40114, 01SL40124, 01RCC10102, 01RCC10103= মোট ১৯টি<br><br>**৩.৪.২** লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড এর ব্রিডিং বুল আইডি (22H0222, 22H00235, 24H00295, 23H00270, 22SL0036, 22SL0068, 22SL0069, 23SL0084, 21MED0036) ৯টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক বুল **আইডি**-( 22SL0068, 21MED0036) ব্যতিত বাকী ৭ (সাত) টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ৭টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক | **পরিচালক**<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর ও বেসরকারী সংস্থা |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 02HFX0222, 02HFX0225, 02HFX0295, 02HFX0270, 02SLX0036, 02SLX0069, 02SLX0084 = মোট ৭টি<br><br>**৩.৪.৩** ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর ব্রিডিং বুল আইডি (354, 355, 356, 357, 365, 366, 367, 368, 370, 371, 372, 383, 374) ১৩টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ১৩টি প্রজনন ষাঁড়ই প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ১৩টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসি প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 03SLX0354, 03SLX0355, 03SLX0356, 03SLX0357, 03SLX0365, 03SLX0366,03SLX0367, 03SLX0368, 03SLX0370, 03SLX0371, 03SLX0372, 03SLX0383, 03HFX0374 = মোট ১৩টি<br><br>**৩.৪.৪** এসিআই এনিমেল জেনেটিক্স, শ্রীপুর, গাজীপুর এর ব্রিডিং বুল আইডি (200, 201, 202, 203, 204, 205, 206, 207, 208, 209, 210, 211, 212) ১৩টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক বুল **আইডি**-( 205, 207) ব্যতিত বাকী ১১টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ১১টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 04SLX0200, 04SLX0201, 04SLX0202, 04SLX0203, 04SLX0204, 04SLX0206, 04SLX0208,04HF0209, 04HF0210, 04HF0211, 04HF0212 = মোট ১১টি<br><br>**৩.৪.৫ সমাজ ও জাতি গঠন (সজাগ)-শৈলান, ধামরাই, ঢাকা** -এর ব্রিডিং বুল আইডি (0180, 0184) ২টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ০২টি প্রজনন ষাঁড়ই প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ২টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য নির্দেশনা/অনুরোধ প্রদান করা হয়। যেমন- 05HFX0180, 05HFX0184 = মোট ২টি<br><br>**৩.৪.৬ ইজাব এলায়েন্স লিমিটেড, সিংগিয়া, জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও**-এর ব্রিডিং বুল আইডি (456, 457, 458, 459, 460, 461, 462, 463, 464, 465, 466, 468, 538, 539) ১৪টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক বুল **আইডি**-( 462, 464, 468) ব্যতিত বাকী ১১টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়। | |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রত্যায়িত ১১টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে স্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 06SLX0456, 06SLX0457, 06SLX0458, 06SLX0459, 06SLX0460, 06SLX0461, 06SLX0463, 06SLX0465, 06SLX0466, 06HF00538, 06HF00539 = মোট ১১টি<br><br>**৩.৪.৭ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শেরপুর,বগুড়ার ব্রিডিং** বুল আইডি (388, 389, 390, 391, 392, 376, 377, 378, 380, 362) ১০টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ১০টি প্রজনন ষাঁড়ই প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ১০টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে স্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 07HF0388, 07HF0389, 07HF0390, 07HF0391, 07HF0392, 07HFX0376, 07HFX0377, 07HFX0378, 07HFX0380, 07SLX0362 = মোট ১০টি<br><br>**৩.৪.৮ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), শেরপুর, বগুড়া-** এর ব্রিডিং বুল আইডি (SKS238, Tiger3106, JJ159, JJ261, JJ377, JJ677961, JJ773962, JJ873963, JJ873964, Bahadur73905, Jidan73906, Naymar73907, Samrat73908, Shajahan73909, Messi73910) ১৫টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক বুল **আইডি** (JJ261, JJ377, JJ677961, JJ773962, JJ873963) ব্যতিত বাকী ১০টি প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়।<br><br>প্রত্যায়িত ১০টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে স্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত নিম্নে উল্লেখিত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ **ন্যাশনাল আইডি** ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 08HFX0238, 08HFX3106, 08HFX0159, 08HFX3964, 08SLX73905, 08SLX73906, 08SLX73907, 08SLX73908, 08SLX73909, 08SLX73910 = মোট ১০টি | |
| ৩.৫ | <u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহিত সিদ্ধান্তঃ</u><br><br>**৩.৫.১ এসিআই এনিমেল জেনেটিক্স** এর বুল ষ্টেশনের ২০টি বিশুদ্ধ শাহিওয়াল জাতের ষাঁড়ের পেডিগ্রি প্রদান সাপেক্ষে **আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয়।**<br><br>**৩.৫.২** এসিআই এনিমেল জেনেটিক্স কর্তৃক আবেদিত ইউএসএ থেকে ৩০০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) ফিমেল সেক্সড সিমেন আমদানির আবেদনের প্রেক্ষিতে ১৫০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) সিমেন আমদানির অনুমতি প্রদানের **সুপারিশ করা হয়।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | **৩.৫.৩** গরীব নেওয়াজ এগ্রো ফার্ম- প্রোঃ হাফিজুর রহমান হাফিজ, গ্রাম - জয়নগর, পোঃ রাজনগর, উপজেলা-দাকোপ, জেলা - খুলনা,কর্তৃক দাখিলকৃত, ভারত থেকে ৩০০টি **মুররাহ জাতের শুধুমাত্র পুরুষ মহিষের আমদানির সুপারিশ করা গেলো না।**<br><br>**৩.৫.৪** নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড, ৩১৪৫ ষ্টেশন রোড, জাউতলা, উত্তর খুলশী, চট্টগ্রাম কে যুক্তরাষ্ট্র থেকে ২৪০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) ফ্রোজেন বুল সিমেন আমদানির সুপারিশ করা হয়। তবে এক্ষেত্রে $A_1A_1$ Beta Casein and $A_1A_2$ Beta Casein **Genotype** ধারী বুলগুলো বাদ রেখে **শুধুমাত্র $A_2A_2$ Beta Casein Genotype ধারী বুলের সিমেন আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয়।**<br><br>**৩.৫.৫** এসএসএ ইন্টারন্যাশনাল, প্লট-২৩, রোড-০৮, ব্লক-জে, ইষ্টার্ন হাউজিং, মিরপুর ঢাকা কর্তৃক দুবাই হতে ৫০টি পিওর যমুনাপারী (ছাগল) আমদানির বিষয়ে National Livestock Development Policy 2007 এর অনুচ্ছেধ ৩ (১) মোতাবেক এবং যমুনাপাড়ি ছাগলের উৎস দেশ দুবাই নয় বিধায়, দুবাই থেকে পিউর যমুনাপাড়ি ছাগল আমদানির অনুমোদন দেওয়ার নিমিত্ত **সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.৬** এংগিরা ইলেক্ট্রনিক্স, হাউজ-২১৩, রোড-১২, ব্লক-বি, সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২১৬ কর্তৃক দুবাই হতে ৫০টি পিওর যমুনাপারী (ছাগল) আমদানির বিষয়ে National Livestock Development Policy 2007 এর অনুচ্ছেধ ৩ (১) মোতাবেক এবং যমুনাপাড়ি ছাগলের উৎস দেশ দুবাই নয় বিধায়, দুবাই থেকে পিউর যমুনাপাড়ি ছাগল আমদানির অনুমোদন দেওয়ার নিমিত্ত **সুপারিশ করা গেল না।**<br><br>**৩.৫.৭** এমএস রাজীব এন্ড্ ব্রাদার্স, হরোগ্রাম বাজার, দেউলার মোড়, রাজশাহী কোর্ট, রাজপাড়া, রাজশাহী-কর্তৃক দাখিলকৃত কে ভারত থেকে ৪০০টি মুররাহ মহিষের আবেদনটি অসম্পুর্ন (Incomplete) থাকায় যথাযথভাবে সঠিকতথ্য সহকারে **নতুনভাবে আবেদন দাখিল করার জন্য সুপারিশ করা হলো।**<br><br>**৩.৫.৮** রংপুর পোল্ট্রি লিমিটেড, খাপড়িখাল চান্দামাড়ি, গংগাচড়া, রংপুর কর্তৃক আবেদিত আমেরিকা থেকে ২০০০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) ফ্রোজেন সিমেন আমদানির জন্য **সুপারিশ করা হলো।** তবে আমদানির পুর্বে ও এনওসি প্রদানকালে সিমেন উৎপাদনকারী প্রত্যাশিত ষাঁড়ের পেডিগ্রি সংযুক্ত করে যথাযথ ভাবে দাখিল করার সুপারিশ করা হয়।<br><br>**৩.৫.৯** ব্রাক এআই এন্টারপ্রাইজ, ব্রাক সেন্টার, ৭৫ মহাখালি, ঢাকা কর্তৃক দাখিলকৃত আমেরিকা থেকে ৬টি ১০০% বিশুদ্ধ হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের ষাঁড় আমদানির **সুপারিশ করা হয়।** তবে আমদানির পুর্বে ও এনওসি প্রদানকালে ষাঁড়ের প্রেডিগ্রি সংযুক্ত করে যথাযথ ভাবে দাখিল করার সুপারিশ করা হয়। | |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | **৩.৫.১০** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিমিটেড (মিল্কভিটা), তেজগাঁও, ঢাকা কর্তৃক দাখিলকৃত আমেরিকা থেকে ৬টি ১০০% বিশুদ্ধ হলষ্টিয়ান ফ্রিজিয়ান জাতের ষাঁড় আমদানির **সুপারিশ করা হয়**। তবে আমদানির পুর্বে ও এনওসি প্রদানকালে ষাঁড়ের প্রেডিগ্রি সংযুক্ত করে যথাযথ ভাবে দাখিল করার সুপারিশ করা হয়।<br><br>**৩.৫.১১** খন্দকার ট্রেড ইন্টারন্যাশনাল, রিজ আহমেদ স্কয়ার, ৫০/১ নয়াপল্টন, ঢাকা ১০০০- কে ভারত থেকে ৫০০টি মুররাহ মহিষের আবেদনটি অসম্পুর্ন (Incomplete) থাকায় যথাযথভাবে সঠিকতথ্য সহকারে **নতুনভাবে আবেদন দাখিল করার জন্য সুপারিশ করা হলো।**<br><br>**৩.৫.১২** ঈশান এগ্রো ফার্ম, এফ ৩৬, আরডি ৮/এ, আরামবাগ হাউজিং, সেক্টর ৭, মিরপুর, ঢাকা -কর্তৃক দাখিলকৃত কে ভারত থেকে ৩০০টি মুররাহ মহিষের আবেদনটি অসম্পুর্ন (Incomplete) থাকায় যথাযথভাবে সঠিকতথ্য সহকারে **নতুনভাবে আবেদন দাখিল করার জন্য সুপারিশ করা হলো।**<br><br>**৩.৫.১৩** বার্ডস প্যারাডাইজড ইন্টারন্যাশনাল, আইএনসি, হাউজ ১১৪, মানিকনগর, মুগদা, ঢাকা কর্তৃক দাখিলকৃত আমেরিকা, ইউরোপ ও আফ্রিকা থেকে বিভিন্ন প্রকার পাখি আমদানি সংক্রান্ত আবেদনটি “ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি)” এখতিয়ারভুক্ত (TOR) না হওয়ায় মতামত প্রদান করা হয়নি। তবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এ বিষয়ে মানবসম্পদ উন্নয়ন ডেস্ক/ ট্রেড উইং এর মতামতে ভিত্তিতে সিদ্ধান্ত নিতে পারেন।<br><br>**৩.৫.১৪** পেট ব্রিডিং কোম্পানীর, জামগড়া, আশুলিয়া, সাভার, ঢাকা কর্তৃক দাখিলকৃত মিডল ইষ্ট, এশিয়া ও আফ্রিকা থেকে ১৫০টি লাইভ এনিমেল আমদানি সংক্রান্ত আবেদনটি “ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি)” এখতিয়ারভুক্ত (TOR) না হওয়ায় মতামত প্রদান করা হয়নি। তবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এ বিষয়ে মানবসম্পদ উন্নয়ন ডেস্ক/ ট্রেড উইং এর মতামতে ভিত্তিতে সিদ্ধান্ত নিতে পারেন।<br><br>**৩.৫.১৫** নুহাস এগ্রো এন্ড পেটস, ৬৮/২ রাজাশন, সাভার, ঢাকা কর্তৃক দাখিলকৃত বেলজিয়াম থেকে ৯৬০টি গৃহপালিত খরগোশ আমদানি সংক্রান্ত আবেদনটি “ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি)” এখতিয়ারভুক্ত (TOR) না হওয়ায় মতামত প্রদান করা হয়নি। তবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এ বিষয়ে মানবসম্পদ উন্নয়ন ডেস্ক/ ট্রেড উইং এর মতামতে ভিত্তিতে সিদ্ধান্ত নিতে পারেন।<br><br>**৩.৫.১৬** আমানা ক্যাটল ফার্ম, মালিক- মোঃ নজরুল ইসলাম, গ্রাম-পশ্চিম মাসদাইড়, এনায়েতপুর, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জকর্তৃক দাখিলকৃত কানাডা হতে ১১৫০ মাত্রা ফ্রোজেন সিমেন আমদানির আবেদনটি এ সংক্রান্ত উপকমিটি পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ১১৫০ মাত্রা হলষ্টেইন ফ্রিজিয়ান (Holstein Friesian) সিমেন আমদানির সুপারিশ করা হয়। এক্ষেত্রে আবেদনে উল্লেখিত ৯টি বুলের প্রেডিগ্রি থেকে শুধুমাত্র A2A2 Beta | |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | Casein Genotype ধারী ৩টি বুলের (0200HO11586, 0777HO12330, 0777HO12360) ১১৫০ মাত্রা হিমায়িত সিমেন আমদানি করার জন্য সুপারিশ করা হলো।<br><br>**৩.৫.১৭** মেসার্স মেসবাহ এন্টারপ্রাইজ, শিবনগর, কানসাট, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ - কর্তৃক দাখিলকৃত আবেদনটি বিবেচনায় নিয়ে ভারত থেকে ৫০০টি মুররাহ মহিষের আবেদনের বিপরীতে **২০টি স্ত্রী মহিষের সাথে ৫টি ষাঁড় মহিষ (ভারত থেকে)** আমদানির অনুমতি প্রদানের জন্য **সুপারিশ করা হয়।**<br><br>**৩.৫.১৮ ইজাব এলায়েন্স লিমিটেড**, ইশতিয়াক আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক (এম.ডি) ইজাব ফ্লোরা ইউনিট টাওয়ার ৪২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২ কর্তৃক আবেদনের প্রেক্ষিতে আমেরিকা থেকে ২০০০ মাত্রা পিউর হলস্টিন ফ্রিজিয়ান সিমেন ও ২০০ মাত্রা ফ্রোজেন এম্ব্রায়ো এবং ভারত/পাকিস্তান থেকে ১০০০ মাত্রা পিউর শাহিওয়াল ফ্রোজেন সিমেন ও ২০০ মাত্রা ফ্রোজেন এম্ব্রায়ো আমদানির অনুমতি প্রদানের **সুপারিশ করা হয়।**<br><br>**৩.৫.১৮ ইজাব এলায়েন্স লিমিটেড**,ইশতিয়াক আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক (এম.ডি) ইজাব ফ্লোরা ইউনিট টাওয়ার ৪২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২ কর্তৃক আবেদনের প্রেক্ষিতে কেবলমাত্র ভারত/পাকিস্তান হতে শাহিওয়াল জাতের ০৪টি পিউর প্রজনন ষাঁড় ও ১টি গর্ভবতী পিউর শাহিয়াল বকনা আমদানির অনুমতি প্রদানের **সুপারিশ করা হয়।** | |
| **৩.৬** | লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরে আওতাধীন বুল ষ্টেশনে পালিত ট্রায়াল ষাঁড়ের মধ্যে থেকে সরকারি বিধি বিধান মেনে ৪ (চার) টি প্রজনন ট্রায়াল ষাঁড় প্রদানের জন্য সুপারিশ করা হয়। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| **৩.৭** | লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে **গত ২১-১১-২০২৩ তারিখে অনুষ্ঠিত এনটিআরসির ৯ম সভার ৩.৪.১ অনুচ্ছেদ অনুযায়ী** ইউএসএ/ কানাডা হতে ১০০০ ডোজ হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন আমদানি ক্ষেত্রে পূর্বে অনুমোদিত সিমেনের আমদানি ও ব্যবহারের তথ্য এবং কন্ট্রাক্ট (চুক্তিবদ্ধ) খামারীদের একটি তালিকা প্রাপ্তি সাপেক্ষে আমদানির সুপারিশ করা হয়েছিল।<br>উক্ত সুপারিশের আলোকে লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড কে উন্নত কৌলিক মান সম্পন্ন ১০০০ (এক হাজার) ডোজ হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন আমদানির জন্য ২৫শে মার্চ, ২০২৪ তারিখে ৬ মাস মেয়াদী অনাপত্তি পত্র (No Objection Letter) প্রদান করা হয়েছিল। বিশেষ কারণ বশতঃ অনুমোদিত ৬ মাস সময়ের মধ্যে লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড অনুমোদনকৃত ১০০০ (এক হাজার) ডোজ হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন আমদানি করতে সক্ষম হয়নি। উন্নত কৌলিক মান সম্পন্ন ১০০০ (এক হাজার) ডোজ হলিস্টিন ফ্রিজিয়ান সিমেন আমদানীর জন্য উক্ত ৬ মাস মেয়াদী অনাপত্তি পত্র (No Objection Letter) এর মেয়াদ পরবর্তী ৬ মাসের জন্য বর্ধিত করার আবেদনের প্রেক্ষিতে চলতি সভায় এ বিষয়ে আলোচনা হয় এবং পূর্বে অনুমোদিত সিমেনের আমদানি ও শর্ত বহাল রাখা সাপেক্ষে ১০০০ মাত্রা আমদানির অনুমতি প্রদানের **সুপারিশ করা হয়।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| **৩.৮** | লালতীর লাইভষ্টক বিডি লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে এনটিআরসি (NTRC) এর **৭ম সভার কার্যবিবরনীর ১৩.৪.১৪ অনুচ্ছেদের** আলোকে লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড-কে পাকিস্তান হতে শাহীওয়াল জাতের বুল ও বকনা এবং মহিষ (নীলিরাভী) বুল প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিসাপেক্ষে আমদানির অনুমতি দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়েছিলো। উক্ত সিদ্ধান্তের আলোকে অনুমতি পত্র প্রদান করার সুপারিশ করা হয়। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| **৩.৯** | ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান সিমেন ব্যবহারের ক্ষেত্রে জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ এর অনুশাসন কর্মীদের মানতে বাধ্য করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | কৃত্রিম প্রজনন সংক্রান্ত জেলা মনিটরিং কমিটি |
| **৩.১০** | প্রত্যেকটি প্রতিষ্ঠানকে প্রত্যায়িত প্রজনন ষাঁড়ের সিমেন মাঠ পর্যায়ে সরবরাহের রোডম্যাপ কৃত্রিম প্রজনন দপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে। | **পরিচালক**<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>ও<br>বেসরকারী সংস্থা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(এটিএম মোস্তফা কামাল)**
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ অনুবিভাগ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
**সভাপতি**
ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটি (এনটিআরসি)

**সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
২-৩। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC ।
৪। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিপ্তর, ফার্মগেট, ঢাকা ও সদস্য সচিব NTRC ।
৫। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
৭। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC ।
৮। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, ANG এন্ড ব্রিডিং বিভাগ, ASVM অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সদস্য NTRC ।
৯। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও সদস্য NTRC ।
১০। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকার সদস্য NTRC ।
১১। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
১২। এ.সি.আই এনিম্যাল জেনেটিক্স এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৩। আমেরিকান ডেইরী লিমিটেড- এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৪। ব্র্যাক এ আই এন্টারপ্রাইজ (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৫। বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৬। লালতীর লাইভষ্টক ডেভলপমেন্ট (বিডি) লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (বিএলআরআই), সাভার, ঢাকা।
৩। ডীন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৪। ডীন, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।